নারায়ণগঞ্জে বিএনপির অস্থায়ী কার্যালয়ে আগুন



ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জের ফতুল্লায় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীদের ব্যবহৃত একটি অস্থায়ী কার্যালয়ে আগুন দিয়েছে দুর্বৃত্তরা। রোববার (১৫ নভেম্বর) দিবাগত রাত সোয়া ২টার দিকে উত্তর মাসদাইরের গাবতলী রোডে এ ঘটনা ঘটে।

স্থানীয়দের সূত্রে জানা যায়, আমানা গার্মেন্টের পাশে এনায়েতনগর ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ড বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীদের টিনের তৈরি ওই কার্যালয়টি অবস্থিত। রাত সোয়া ২টার দিকে দুটি মোটরসাইকেলে চারজন সেখানে আসে। একটি মোটরসাইকেলে থাকা দুজন বাইরে অপেক্ষা করছিল। অন্য মোটরসাইকেল থেকে হেলমেট পরা এক ব্যক্তি নেমে কার্যালয়ের ভেতরে ঢোকে। পরে সেখানে থাকা একটি প্লাস্টিকের চেয়ারে আগুন ধরিয়ে দিয়ে দৌড়ে সড়কের দিকে চলে যায়। এরপর অন্যরাও মোটরসাইকেল নিয়ে পালিয়ে যায়।

খবর পেয়ে ফতুল্লা মডেল থানা পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করে। আগুন দেওয়ার ঘটনায় জড়িতদের শনাক্ত ও ঘটনার কারণ অনুসন্ধানে দুটি পৃথক তদন্ত দল গঠন করা হয়েছে।

নারায়ণগঞ্জের অতিরিক্ত পুলিশ সুপার (ক-সার্কেল) মোহাম্মদ শামীম হোসাইন বলেন, জায়গাটি আনুষ্ঠানিক কোনো রাজনৈতিক কার্যালয় নয়। স্থানীয় বিএনপির কয়েকজন নেতা সেখানে বসে আলোচনা করতেন। তবে ঘটনাটিকে পুলিশ গুরুত্বের সঙ্গে দেখছে।

তিনি আরও বলেন, মোটরসাইকেলে এসে আগুন দিয়ে পালিয়ে যাওয়া ব্যক্তিদের শনাক্তে কাজ চলছে। দুটি দল আলাদাভাবে তদন্ত করছে। ঘটনার রহস্য উদ্‌ঘাটন করে জড়িতদের আইনের আওতায় আনার চেষ্টা চলছে।